

## বিজয় দিবস ২০২০ উপলক্ষে উইন্ডসরে বাংলাদেশের পতাকা উত্তোলন

করোনার এই মহামারীকালেও বাংলাদেশ-কানাডা এ্যাসোসিয়েশন গত বুধবার, ১৬ ই ডিসেম্বর, ২০২০ এ বাংলাদেশের ৫০তম বিজয় দিবস উপলক্ষে উইন্ডসর সিটি হলে বাংলাদেশের পতাকা উত্তোলনের আয়োজন করে। উইন্ডসরের সিটি মেয়র ডঃ ড্রিউ ডিলকেন্স এর পক্ষে ওয়ার্ড দুই এর কাউন্সিলর ফাবিও কসতানতে অনুষ্ঠানে অংশ নেন ও তার বক্তব্যে উইন্ডসরে বাংলাদেশ কমিউনিটির অবদানের কথা স্মরণ করেন। ওয়ার্ড সাত এর কাউন্সিলর জিউবেন গিল উক্ত অনুষ্ঠানে অংশ নিয়ে বাংলাদেশ কমিউনিটিকে একটি প্রশংসা পত্র হস্তান্তর করেন। উক্ত অনুষ্ঠানে উইন্ডসর পুলিশ সার্ভিসের কমিউনিটি সার্ভিস ব্রাঞ্চার সার্জেন্ট এন্ডি ড্রিউলার্ড ও কনস্টেবল নীল ম্যাকিচরান উপস্থিত ছিলেন। করোনা মহামারীর কারণে ও উইন্ডসরে লকডাউনের কারণে জমায়েত মাত্র ১০ জনে সীমিত ছিল এবং সামাজিক দূরত্ব বজায় রাখা সহ করোনা মহামারীর সকল নিয়মকানুন পালন করা হয়। বাংলাদেশ-কানাডা এ্যাসোসিয়েশন এর এক্সিকিউটিভ সদস্য জনাব মোহাম্মদ শামীম মমতাজ অনুষ্ঠান সঞ্চালনা করেন ও এ্যাসোসিয়েশন এর প্রেসিডেন্ট জনাব ইয়াহিয়া মোল্লার পক্ষে স্বাগত বক্তব্য রাখেন। কানাডা ও বাংলাদেশের জাতীয় সংগীতের মাধ্যমে পতাকা উত্তোলন করা হয়। অনুষ্ঠান শেষে বাংলাদেশ-কানাডা এ্যাসোসিয়েশন এর সাধারণ সম্পাদক জনাব মোহাম্মদ হারুন-উর-রশিদ ধন্যবাদ বক্তব্য প্রদান করেন। তিনি সিটি মেয়র ডঃ ড্রিউ ডিলকেন্স কে এই অনুষ্ঠান অনুমোদনের জন্য ধন্যবাদ প্রদান করেন। তিনি সম্মানিত অতিথিদেরকে লকডাউনের মধ্যেও আসার জন্য ধন্যবাদ জানান। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশ-কানাডা এ্যাসোসিয়েশন এর সহসভাপতি জনাব মোস্তফা মনোয়ার, স্পোর্টস সেক্রেটারি জনাব রবিউল বিপ্লব ও দুইজন প্রাক্তন কালচারাল সেক্রেটারি জনাব জুহের তুহীন ও দিলারা বেগম পলি। অনুষ্ঠানের সার্বিক ব্যবস্থাপনায় আরো ছিলেন বাংলাদেশ-কানাডা এ্যাসোসিয়েশন এর সহসভাপতি জনাব মোহাম্মদ ফজলে বাকী, সহসাধারণ সম্পাদক জনাব জালালউদ্দিন, এক্সিকিউটিভ সদস্য জনাব জুবায়ের আলম সহ আরো অনেক সম্মানিত সদস্য।

### Raising Flag of Bangladesh in Celebration of Victory Day 2020

Despite the COVID-19 pandemic, the Bangladesh-Canada Association organized a flag raising event to hoist the flag of Bangladesh at the Windsor City Hall on Wednesday, December 16, 2020 to mark the 50th Victory Day of Bangladesh. On behalf of Windsor City Mayor, Dr. Drew Dilken, Ward 2 Councillor Fabio Costante attended the event. In his speech, Councillor Costante recalled the contribution of the Bangladesh community in Windsor. Ward 7 Councillor Jeewen Gill attended the event and handed over a certificate of appreciation to the Bangladesh community for organizing the event. Sergeant Andy Drouillard and Constable Neil McEachrane of the Community Service Branch of the Windsor Police Service were present at the ceremony. Due to the pandemic and the lockdown in the city of Windsor, the gathering was limited to 10 people and all the rules of the pandemic were observed, including maintaining social distance. Mr. Mohammad Shameem Momtaz, Executive Member, Bangladesh-Canada Association conducted the function and delivered the welcome address on behalf of Mr. Yahya Mollah, President of the Association. During flag hoisting, the national anthems of Bangladesh and Canada were played. At the end of the program, Mr. Mohammad Harun-or-Rashid, General Secretary of the Bangladesh-Canada Association gave a vote of thanks. He thanked City Mayor Dr. Drew Dilken for

approving the event. He thanked distinguished guests for coming to the event during the lockdown. Also present on the occasion were Mr. Mostafa Monwar, Vice President, Bangladesh-Canada Association, Mr. Rabiul Biplob, Sports Secretary and two Former Cultural Secretaries Mr. Zuher Tuhin, and Dilara Begum Poly. Besides the above members of the Bangladesh-Canada Association, Dr. Mohammad Fazle Baki, Vice President of the Bangladesh-Canada Association, Mr. Jalaluddin, Assistant General Secretary, Mr. Zubair Alam, Executive Member and other distinguished members of the association were part of the team that organized the event.